গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-১ শাখা

...

সভাপতি	স্বপন ভট্টাচার্য্য প্রতিমন্ত্রী
সভার তারিখ	২১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

বিগত ২১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি: তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ২০২১-২২ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট, ২০২১ মাস পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এর সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

২.০ উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এ বিভাগের সকল উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন সম্ভব হলে দেশের দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন হবে। এ লক্ষ্যে তিনি সকল প্রকল্প দ্রুত ও সুষ্ঠু বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং ২০২০-২১ অর্থ বছরে মন্ত্রণালয়ের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সচিব মহোদয় বলেন যে, অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রকল্প বাস্তবায়ন করতে হয়। সংস্থা প্রধানগণ ও প্রকল্প পরিচালকগণ এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ আন্তরিকতার সাথে প্রকল্প বাস্তবায়নে কাজ করছেন।

৩.০আলোচনাঃ

সভায় গত ১৯ জুলাই, ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভার জারীকৃত কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'তে অন্তর্ভুক্ত ১৬টি অনুমোদিত (জিওবি অর্থায়ন) প্রকল্পের অনুকূলে মোট ৬৪৮৪৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে (সম্পূর্ণ জিওবি)। প্রকল্পসমূহের অনুকূলে আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ৩৯২৬.৫০ লক্ষ (জিওবি: ৩৯২৬.৫০ লক্ষ এবং প্রকল্প সাহায্য: ০.০০ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ১৭১৯.৯৩ লক্ষ (জিওবিঃ ১৭১৯.৯৩ লক্ষ এবং প্রকল্প সাহায্যঃ ০.০০ লক্ষ) টাকা, যা বরাদ্দের ২.৬৫%। জাতীয় গড় অগ্রগতি ৩.৮২%।

অতঃপর প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

৪.০ প্রকল্প ভিত্তিক সভার আলোচনা ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ:

১.০ আমার বাড়ি আমার খামার প্রকল্প (৪র্থ সংশোধিত) (জুন, ২০২১ এ সমাপ্ত):

আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পটি মোট ৭৮৮৫২৭.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০২১ মেয়াদে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়েছে। আমার বাড়ি আমার খামার (সমাপ্ত) প্রকল্পের সকল যানবাহন (মোটরগাড়ী, জীপ ও বাইসাইকেল) পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করা হয়েছে। অন্যান্য সম্পদের মধ্যে ডাটা সেন্টারসহ অন্যান্য যন্ত্রাংশ, কম্পিউটার ও আসবাবপত্র পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করা হয়েছে। প্রকল্পের সমিতির ব্যাংক ব্যালেন্স/নগদ রক্ষিত অর্থ

পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করা হয়েছে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পাওয়ার বিষয় দীর্ঘায়িত হচ্ছে বলে সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন পল্লী সঞ্চয় ব্যাংকে নতুন ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পের স্থায়ী রূপ পল্লী সঞ্চয় ব্যাংক। পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রশাসনিক কার্যক্রম আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপর ন্যস্ত। এ প্রেক্ষিতে আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রণয়নপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত: ১) আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রণয়নপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২) পিসিআর প্রাপ্তির পর সমাপ্ত প্রকল্পের সকল সম্পদ ও Liabilities এর প্রতিবেদন তৈরি করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি'র নেতৃত্বে সংশ্লিষ্ট কমিটি।

২.০ সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প:
প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ৩০১০৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৮০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ২০০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ৯.৫৪ লক্ষ টাকা, যা বরাদ্দের ০.৪৭% এবং বাস্তব অগ্রগতি ০.০০%।

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে আগস্ট/২০২১ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ
১। ক) সমিতি গঠন: সমিতি গঠনের লক্ষ্যমাত্রা ১,২৪৭টি'র বিপরীতে অর্জন ২২টি। খ) সদস্য অন্তর্ভুক্তি ৯৬,৯৫০ জনের বিপরীতে অর্জন ১৩০০ জন।
গ) প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২,৪৬,৫৬৬ জনের বিপরীতে আগস্ট/২১ মাস পর্যন্ত কোন অগ্রগতি হয়নি। তবে ৩১ আগস্ট, ২০২১ হতে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। বিগত ১৬-০৮-২০২১ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে গত ২৩-০৮-২০২১ খ্রি. তারিখে প্রকল্প ব্যয় যুক্তিযুক্তকরণের নিমিত্ত গঠিত কমিটির একটি সভা প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রকল্পের বর্তমান জনবলের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয় এবং সভাপতি মহোদয় প্রকল্পের আওতায় নতুন জনবল নিয়োগের বিষয়ে প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। জনবলের বিষয়ে যে মামলা হয়েছিল তার বর্তমান অবস্থা অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, মামলার Stay order হয়নি। সচিব মহোদয় এ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা কত জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, এ বছর মোট ২,৪৬,৫৬৬ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। এছাড়া প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় ৫টি ভেন্যুতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থীর সংখ্যা, প্রশিক্ষণ ভাতা ও কয় দিনের প্রশিক্ষণ দেয়া হবে এসব তথ্য এডিপি রিভিউ সভায় উপস্থাপনের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি প্রকল্পের আওতায় পিএসসি সভা আহ্বানের উপর গুরুত্বারোপ করেন।
সিদ্ধান্ত:
১) প্রকল্পের আওতায় নতুন জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২) চলতি অর্থ বছরে বিভিন্ন কাজের লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রার বিপরীতে মাসিক অগ্রগতি এডিপি রিভিউ সভায় উপস্থাপন করতে হবে।
৩) প্রকল্পের আওতায় পিএসসি সভা আহ্বান করতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায় (সিভিডিপি-৩) প্রকল্প।
৩.০ বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) (জুন, ২০২১ এ সমাপ্ত):
বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড) কোটালীপাড়া, গোপালগঞ্জ এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন (২য় সংশোধিত) প্রকল্প: প্রকল্পটি মোট ৩৪৪৭৩.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১০ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি জুন, ২০২১ এ সমাপ্ত হয়েছে। তিনি আরও বলেন যে, বাউন্ডারী ওয়ালের কাজ এবং সামনের গেটের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য ঠিকাদারকে তাগিদ দেয়া হচ্ছে। সচিব মহোদয় বলেন, মাননীয়

প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পের উদ্বোধনের বিষয়ে গত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। সচিব মহোদয় নভেম্বর, ২০২১ মাসে উদ্বোধন করার লক্ষ্যে অক্টোবর, ২০২১ মাসের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত:

১) নভেম্বর, ২০২১ মাসে উদ্বোধন করার লক্ষ্যে অক্টোবর, ২০২১ মাসের মধ্যে প্রকল্পের সকল অনিষ্পন্ন ভৌত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বাপার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):

৪.০ উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী (২য় পর্যায়) (২য় সংশোধিত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৩১৪৭.৫৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৮৫৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের-০.০০% এবং বাস্তব অগ্রগতি ৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) সমিতি/দলগঠনঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ৬২৫ টির বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৬০২ টি, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ২৫ টির বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত অর্জন ২টি।

খ) সদস্যভুক্তিঃ ডিপিপির লক্ষ্যমাত্রা ১০০০০ জনের বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৮৮৮৫ জন, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১২২০ জনের বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত অর্জন ১০৫ জন।

গ) প্রশিক্ষণ প্রদান: ডিপিপির লক্ষ্যমাত্রা ৩৮৬৪০ জনের বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্জন ৩৬৯৬০ জন, ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১৬৮০ জনের বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত অর্জন ০ জন।

ঘ) মূলধন গঠনঃ আগষ্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত মূলধন গঠন ১০৫.৮৫ লক্ষ টাকা ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১৫.০০ লক্ষ টাকার বিপরীতে অর্জন ১.৫০ লক্ষ টাকা।

ঙ) আগষ্ট, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৪৯.০০ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বছরের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৬৪.৯৫ লক্ষ টাকার বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত ঋণ আদায় ১৩.৯৫ লক্ষ টাকা। ছ) ডিসপ্লে কাম সেলস সেন্টার নির্মাণ লক্ষ্যমাত্রা ১টির বিপরীতে আগষ্ট, ২০২১ পর্যন্ত নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক আন্তঃখাত সমন্বয়পূর্বক আরডিপিপি প্রণয়নপূর্বক অনুমোদন হয়েছে। সচিব মহোদয় জুন, ২০২২ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করার জন্য গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত:

১) লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন, ২০২২ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৫.০ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায়:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৩৬৩৩.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৬০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের:-০.০০%। বাস্তব অগ্রগতি ১৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

(ক) গ্রাম উন্নয়ন কমিটি গঠন লক্ষ্যমাত্রা ১৩০০ টির বিপরীতে অর্জন ২১৬ টি।

(খ) গ্রাম উন্নয়ন কমিটির মিটিং লক্ষ্যমাত্রা ৬৩১৮০ টির বিপরীতে অর্জন ৮৯৬৬ টি।

(গ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটি লক্ষ্যমাত্রা ৬৫০ টির বিপরীতে অর্জন ৬৫০ টি।

(ঘ) ইউনিয়ন কো-অর্ডিনেশন কমিটির মিটিং লক্ষ্যমাত্রা ৭৮০০ টির বিপরীতে অর্জন ১০৮৪ টি।

(ঙ) প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা ১৩৩৬২০ জনের বিপরীতে অর্জন ০ জন।

(চ) ভিডিসি স্কীম লক্ষ্যমাত্রা ৪১৬০ টির বিপরীতে অর্জন ০ টি।

১. কোভিড ১৯ এর পরিস্থিতির উন্নতি হলে ওয়ার্কশপ/প্রশিক্ষণ আয়োজন করা হবে।

২. ভিডিসিএম ও ইউসিসিএম এ স্থানীয় জনগণ ও সুফলভোগী প্রতিনিধিদের উপস্থিতিতে ও তাদের মতামতের ভিত্তিতে স্কীম নির্ধারণ করা হয়।

প্রকল্পের আওতায় ভিডিসি স্কীমের তালিকা অনুমোদনের বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান ভিডিসি স্কিমের তালিকা প্রণয়ন করা হয়েছে। অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। সচিব মহোদয় প্রকল্পের আওতায় ভিডিসি স্কীমের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সে অনুযায়ী অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

১) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) প্রকল্পের আওতায় ভিডিসি স্কীমের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সে অনুযায়ী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৬.০ গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪১৭৭.৭৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ খ্রি: পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ১১৭৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের- ০.০০%। বাস্তব অগ্রগতি ১০%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) সুবিধাভোগী নির্বাচন: লক্ষ্যমাত্রা ৭১০ জনের বিপরিতে অর্জন ১২০ জন।

খ) পল্লী উন্নয়ন সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১০ টির বিপরিতে অর্জন ৪টি।

গ) ঋণ বিতরণ: (জন) লক্ষ্যমাত্রা ৫০০০ জনের বিপরিতে অর্জন ২১৫ জন।

ঙ) ঋণ বিতরণ: (আর্থিক) লক্ষ্যমাত্রা ৮৯৯.১০ লক্ষ টাকার বিপরিতে অগ্রগতি ৬২.০১ লক্ষ টাকা।

অন্যান্য বাস্তব অগ্রগতি :

ক) পুঁজি গঠন : লক্ষ্যমাত্রা ৬০.০০ লক্ষ টাকা-অর্জন ৮.০৪ লক্ষ টাকা।

খ) প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীদের মাধ্যমে এমব্রয়ডারী পল্লী, পোল্ট্রি ভিলেজ, অপ্রধান শস্য উৎপাদন ভিলেজ, কাঠ পল্লী, বাঁশ ও বেত পল্লী, হাঁস পল্লী, দুগ্ধ পল্লী, হোসিয়ারী পল্লী স্থাপন করা হয়েছে।

গ) প্রকল্পের আওতাভূক্ত সকল সদস্য এবং আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণকারী সকল সদস্যের ডাটা বেইজ প্রস্তুত করা হয়েছে।

ঘ) প্রকল্পের আওতায় ইতোমধ্যে ডিস্প্লে কাম সেলস্ সেন্টার স্থাপন করা হয়েছে।

প্রকল্পের স্টিয়ারি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধির জন্য সংশোধিত ডিপিপি এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত:

প্রকল্পের স্টিয়ারি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও প্রকল্প পরিচালক।

৭.০ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয়, প্রকল্পটি মোট ২০৬৩৫.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৭৭০৬.২৩ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ১৯২৬.৫০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ১৭১০.৩৯ লক্ষ টাকা, যা বরাদ্দের: ২২.১৯%। বাস্তব অগ্রগতি ১৬.৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) সুবিধাভোগী নির্বাচন: লক্ষ্যমাত্রা ৫১২০০ জন, অর্জন ৪৩২২ জন (৮%)।

খ) সদস্য অন্তর্ভুক্তি: লক্ষ্যমাত্রা ৪৭৩৬০ জন, অর্জন ২৭৭১ জন (৬%)।

গ) প্রাথমিক মহিলা সমিতি গঠন: লক্ষ্যমাত্রা ১২৮০ টি, অর্জন ১৫৮ টি (১২%)।

ঘ) প্রশিক্ষণ প্রদান: লক্ষ্যমাত্রা ২১০০০ জন, অর্জন ৪০ জন (.০২%)।

ঙ) ঋণ বিতরণ: লক্ষ্যমাত্রা ৪৫৪১.০০ লক্ষ টাকা, অর্জন ৬১৫.৭১ লক্ষ টাকা (১৪%)।

চ) ঋণ আদায়: লক্ষ্যমাত্রা ৪৬৩.৯৭ লক্ষ টাকা, অর্জন ৪৬৩.৯৭ লক্ষ টাকা (১০০%)।

ছ) প্রদর্শণী খামার: লক্ষ্যমাত্রা-৩০৭২ টি, অর্জন ০ টি (০%)।

জ) সঞ্চয় জমা: লক্ষ্যমাত্রা ৯০০.০০ লক্ষ টাকা, অর্জন ৬১.৯৫ লক্ষ টাকা (৭%)।

ঝ) বীজ ও চারা বিতরণ: লক্ষ্যমাত্রা ১০০০০ জন, অর্জন ১৪৯ জন (১.৫%)।

সভায় আলোচ্য প্রকল্পের আওতায় মাথাপিছু ঋণের বিষয়ে প্রকল্প পরিচালক বলেন প্রকল্পের ডিপিপিতে মাথাপিছু ঋণের পরিমাণ ১৫০০০ টাকা নির্ধারণ করা রয়েছে। মাথাপিছু ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়ে পিএসসি সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত:

১) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) প্রকল্পের আওতায় মাথাপিছু ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়ে পিএসসি সভা আহ্বান করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি ও প্রকল্প পরিচালক।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড):

৮.০ বার্ডের ভৌত সুবিধাদি উন্নয়ন প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪২৬৪.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে ৬২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের:-০.০০%। বাস্তব অগ্রগতি ১৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের আগস্ট, ২০২১ খ্রিঃ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

১) ক. হোস্টেল নির্মাণঃ ডিপিপিতে বরাদ্দ ১৩২৫.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ব্যয় ১০১৫.৩৩ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৭৬.৬২%, বাস্তব অগ্রগতি ৯০%।

খ. কনফারেন্স হল কাম ক্লাশরুম ভবন নির্মাণঃ ডিপিপিতে বরাদ্দ ৭১০.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ব্যয় ৫৯৪.৮৬ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৮৩.৭৮%, বাস্তব অগ্রগতি ৯৮%।

গ. স্কুল ভবন নির্মাণঃ ডিপিপিতে বরাদ্দ ৩৪২.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ব্যয় ৩০০.১৯ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৮৭.৭৭%। বাস্তব অগ্রগতি ১০০%। স্কুল ভবনটি হস্তান্তর করা হয়েছে এবং চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।

ঘ. অটোমেশন: ডিপিপিতে বরাদ্দ ৪৯৫.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ব্যয় ৪৩২.১৫ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৮৭.৩০%, বাস্তব অগ্রগতি ৯৫%।

ঙ. এক্সটার্নাল কাজঃ ডিপিপিতে বরাদ্দ ২৯৪.০০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ব্যয় ১৫৪.৯২ লক্ষ টাকা, আর্থিক অগ্রগতি ৫২.৬৯%, বাস্তব অগ্রগতি ৬৭%।

সভায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ইতোমধ্যে ১ম কিস্তি বাবদ ১ কোটি ৫৫ লক্ষ টাকা অর্থ অবমুক্ত হয়েছে। আগামী ০৩ মাসের মধ্যে সকল অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ০৩ মাসের মধ্যে সকল অবকাঠামো নির্মান কাজ সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা এবং

২) প্রকল্প পরিচালক।

৯.০ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় যে, বার্ডের আধুনিকায়ন প্রকল্পটি মোট ৪৮৫৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৯ হতে জুন, ২০২২

মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৪০৯৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০.০০%। বাস্তব অগ্রগতি ১৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

২০২০-২১ অর্থবছরে এ প্রকল্পের আওতায় বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোচ রোড সংস্কার (ব্রিক সলিং, হেরিং বন্ড, বালি ভরাট, খোঁয়া ম্যাকাডাম) লক্ষ্যমাত্রা: ২১০০০ sqm, অর্জন ২০৫০০ sqm (৯৭.৬২%); ওয়াকওয়ে নির্মাণ: লক্ষ্যমাত্রা- ১৭৫ sqm, অর্জন ১৪৭ sqm (৮৪%); বাউন্ডারী ওয়াল সংস্কার: লক্ষ্যমাত্রা ১০০০ মিটার, অর্জন-১০০০ মিটার (১০০%); হোস্টেল আধুনিকায়ন ও সংস্কার: লক্ষ্যমাত্রা- পাখা ক্রয়- ২২টি, অর্জন- ২২টি, দু'টি কক্ষ সংস্কার অর্জন- ১০০%। ড্রইং ডিজাইন সংক্রান্ত কনসাল্টিং ফার্মসমূহের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে এবং মাস্টার প্ল্যান সংক্রান্ত কাজের RFP ডকুমেন্ট প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যৎ পরিকল্পনা কে মাথায় রেখে মাস্টার প্ল্যান অনুমোদনের পূর্বে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়কে অবহিত করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্পের আওতায় স্টিয়ারিং কমিটির সভা আহ্বানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত:

১) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) মাস্টার প্ল্যান অনুমোদনের পূর্বে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়কে অবহিত করতে হবে।

৩) প্রকল্পের আওতায় স্টিয়ারিং কমিটির সভা আহ্বান করতে হবে।

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, বার্ড, কুমিল্লা এবং
২) প্রকল্প পরিচালক।

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়াঃ

১০. গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৪৭৩০.০০ লক্ষ টাকা (জিওবি: ২১৪১৯.০০ ও উপকারভোগী: ৩৩১০.৯০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০%। বাস্তব অগ্রগতি: ০%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

১) নভেম্বর, ২০২১ মাসে উদ্বোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ২) সুফলভোগীদের তালিকা তৈরী করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ৩) এ্যাপ্রোচ রোড-এর জন্য মেয়র, রংপুর সিটি কর্পোরেশন বরাবর ইতোমধ্যে পত্র প্রদান করা হয়েছে। ৪) আরডিপিপির নীতিমালা অনুযায়ী ৩০% অগ্রীম জমাকারীদের তালিকা তৈরী করা হয়েছে। উল্লেখ যে, ২৭২টি ফ্ল্যাটের অনুকূলে ২৪৬ টির টাকা জমা পড়েছে। ৫) অতিশীঘ্রই বিএমটিএফ এর সাথে zoom মিটিং এর আয়োজন করা হবে। সচিব মহোদয় প্রকল্পের আওতায় স্যানিটারি কাজ ও থাই এর কাজের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন নির্ধারিত সময়ে এসব কাজ সম্পন্ন হবে। সচিব মহোদয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পের উদ্বোধনের বিষয়ে গত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে। সচিব মহোদয় নভেম্বর, ২০২১ মাসে উদ্বোধন করার লক্ষ্যে সকল কাজ সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এ্যাপ্রোচ রোড-এর জন্য রংপুর সিটি কর্পোরেশনকে পত্র প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত:

১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্পের উদ্বোধন করার লক্ষ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে।

২) এ্যাপ্রোচ রোড-এর জন্য রংপুর সিটি কর্পোরেশনকে পুনরায় তাগিদ পত্র প্রদান করতে হবে।

বাস্তবায়নে: ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং
২) প্রকল্প পরিচালক।

১১.পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ধানের ফলন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩৯৬৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৫ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন এ বিভাগে পাওয়া গেছে। সভায় জানানো হয় যে, প্রকল্পের জীপ, পিকআপ, মোটরসাইকেল অনুমোদিত ডিপিপি'র এক্সিট প্ল্যান অনুযায়ী CIWM (Center for Irrigation and Water Management) এ হস্তান্তর করা হয়েছে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন এ বিভাগে পাওয়া গেছে এবং পরীক্ষা করা হচ্ছে। পিসিআর আইএমইডিতে প্রেরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে:পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১২. পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), রংপুর স্থাপন প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৩৯১০.৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০১৪ হতে জুন, ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ১১৭৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের ০.০০%। বাস্তব অগ্রগতি ০.০০%।

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের আগস্ট, ২০২১ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

১) ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নকার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় প্রদর্শনী খামার বেসরকারী অংশীদারিত্বের ভিত্তিতে বিভিন্ন ইউনিট (ফসল, পোল্ট্রী, মৎস্য ও কৃষি পণ্য প্রসেসিং ইউনিট) প্রদর্শনী কার্যক্রম চলমান রয়েছে।

২) মুজিববর্ষে উদ্বোধনের লক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) রংপুর প্রকল্পের আওতায় ইতোমধ্যে সকল পূর্ত কাজের সকল টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। সামনের গেটের, অভ্যন্তরীণ রাস্তা ও বাউন্ডারী ওয়ালের কাজ প্রায় সম্পন্ন হওয়ার পর্যায়ে রয়েছে। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সামনের সাইটের Earth filling, internal water body এর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সভায় গুরুত্বারোপ করেন। মুজিববর্ষে উদ্বোধনের লক্ষ্যে অক্টোবর, ২০২১ এর মধ্যে সামনের গেট, অভ্যন্তরীণ রাস্তা ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত:

১) মুজিববর্ষে উদ্বোধনের লক্ষ্যে অক্টোবর, ২০২১ এর মধ্যে সামনের গেট, অভ্যন্তরীণ রাস্তা ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।

২) সামনের সাইটের Earth filling, internal water body এর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।

বাস্তবায়নেঃ ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া, ২) প্রকল্প পরিচালক।

১৩. জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ১৫৫৫৫.৬৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৪৩৩২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০.০০%।বাস্তব অগ্রগতি ২০%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক. ভূমি উন্নয়ন: লক্ষ্যমাত্রা ২৬৯০৫৫ ঘ: মি:-অর্জন ২২৭৬৬১ ঘ:মি: (৮৫%)। খ. সীমানা প্রাচীর মেইন গেট ও গার্ড সেডসহ: লক্ষ্যমাত্রা ২১৫৭ ব: মি:-অর্জন ৫৫০ ব:মি: (২৫%)। গ. প্রশাসনিক কাম অনুষদ ভবন: লক্ষ্যমাত্রা ৬০০০ ব:মি:-অর্জন ৬০০০ ব:মি: (১০০%)।ঘ. ক্যাফেটেরিয়া ভবন সহ বিনোদন কেন্দ্র: লক্ষ্যমাত্রা ৪২০০ ব:মি: অর্জন-৪২০০ ব:মি: (১০০%)। ঙ. সাধারন হোষ্টেল (পুরুষ): লক্ষ্যমাত্রা ২৭০০ ব: মি:-অর্জন ২৭০০ ব:মি: (১০০%)। চ. সাধারন হোষ্টেল (মহিলা): লক্ষ্যমাত্রা ২১৬০ ব: মি: অর্জন-২১৬০ ব: মি: (১০০%)। ছ. মহাপরিচালকের বাংলো: লক্ষ্যমাত্রা ৩৮০ ব: মি: অর্জন-৩৮০ ব: মি: (১০০%)। জ. ইউনিট সমূহ (৬টি): লক্ষ্যমাত্রা ১৭৬৪ ব:মি:-অর্জন ১৭৬৪ ব: মি: (১০০%)। ঝ. মসজিদ: লক্ষ্যমাত্রা ২৬৬ ব: মি: অর্জন-২৬৬ ব: মি: (১০০%), ওযুখানা-৮০%। বারান্দা: লক্ষ্যমাত্রা ১১৬০ ব:মি:-অর্জন ৪৫০ ব: মি: (৩৮%)। ঞ. রাস্তা/জনপথ: লক্ষ্যমাত্রা ১৪১৫৬ ব: মি:-অর্জন ৭৫০০ ব:মি: (৫৩%)। ট. পানি নিস্কাশন: লক্ষ্যমাত্রা ৮৬৭ ব: মি:-অর্জন ৩৬২ ব:মি: (৪২%)। ঠ. স্কুল ভবন: লক্ষ্যমাত্রা ৬২০ ব:মি:-অর্জন ৩১৫ ব: মি: (৫০%)। ড. ডরমিটরী ভবন: লক্ষ্যমাত্রা ৭২৫ ব: মি:-অর্জন ২৪০ ব: মি: (৩৩%)। ঢ. ওয়ার্কশপ কাম ট্রেনিং সেন্টার ভবন: লক্ষ্যমাত্রা ৪৫৭ ব:মি:-অর্জন ১১৩ ব:মি: (২৫%)। ণ. স্বাস্থ্যব্যবস্থা এবং পানি সরবরাহের: সংখ্যা- ০৭টি, অর্জন- ০৭টি (১০০%)। ২) ওয়ার্কশপ কাম ট্রেনিং সেন্টার ও ক্রপসেড নির্মাণ কাজ শুরু করা হয়েছে। ৩) সামনের গেট, অভ্যন্তরীণ রাস্তা ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ শুরু করা হয়েছে।

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) কত তারিখের মধ্যে সামনের সাইটের বাউন্ডারী ওয়ালের কাজ শেষ করা যাবে তা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, আগামী ০১ মাসের মধ্যে কাজ শেষ করা যাবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নেঃ ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া, ২) প্রকল্প পরিচালক।

১৪. বগুড়া জেলার সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলার চর অধিবাসীদের দারিদ্র্য হতে উন্নয়ন শীর্ষক প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩০৫৫.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর এ বিভাগে পাওয়া গেছে। পিসিআর সংশ্লিষ্ট শাখায় পরীক্ষা করা হচ্ছে। পরীক্ষা নিরীক্ষাপূর্বক পিসিআর আইএমইডিতে প্রেরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর আইএমইডিতে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৫. সৌর শক্তি চালিত সেচ পদ্ধতির মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প:

সভায় জানানো হয়যে, প্রকল্পটি মোট ৩৯৮৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ১৩০৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০.০০%।বাস্তব অগ্রগতি ১৫%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

চলতি অর্থ বছরে ৮টি উপ-প্রকল্প বাস্তবায়নের বিপরীতে বরাদ্দের সংস্থান অনুযায়ী ৬টি এলাকায় বাস্তবায়ন করা হয়েছে-

(১) মাইঠা, সদর, বরগুনা; (২) চামটা, সদর, ঝালকাঠি;

(৩) মধুপাড়া, সদর, পঞ্চগড়; (৪) মেন্দিপুর, খালিয়াজুড়ী, নেত্রকোনা;

(৫) রাঙ্গামাটি, পলাশবাড়ী, গাইবান্ধা এবং (৬) সুন্দরগ্রাম পুটিকাটা, রাজারহাট, কুড়িগ্রাম।

এলাকায় সৌরশক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণের জন্য নির্মাণ/স্থাপন করা হয়েছে।

৫টি উপ-প্রকল্প এলাকায় ৪০০ জনকে ফার্মার্স ফিল্ড স্কুল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৪টি ব্যাচে ১২০ জনকে খামার পর্যায়ে পানি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স প্রদান করাহয়েছে।

৩টি ব্যাচে ৯০ জনকে সোলার সিস্টেম এন্ড অপারেশন প্রশিক্ষণ কোর্স প্রদান করাহয়েছে।

২টি ব্যাচে ৮০ জনকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালন ও প্রাথমিক চিকিৎসা এবং বায়োগ্যাস প্রযুক্তি হস্তান্তর শীর্ষক প্রশিক্ষণ কোর্স প্রদান করা হয়েছে। অর্থাৎ প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় সর্বমোট ৬৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২) উপযুক্ত এলাকা নির্বাচন তরান্বিত করার লক্ষ্যে অবশিষ্ট উপপ্রকল্প এলাকার স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের পরিকল্পনা রয়েছে।

সভায় প্রকল্পের পিআইসি সভা ও পিএসসি সভা আহ্বানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: ১) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) প্রকল্পের পিআইসি সভা ও পিএসসি সভা আহ্বান করতে হবে।

বাস্তবায়নেঃ ১) মহাপরিচালক, আরডিএ, বগুড়া, ২) প্রকল্প পরিচালক।

১৬. কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প:

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২০৩২৪.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ৭০৭১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০.০০%।বাস্তব অগ্রগতি ২০%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:

ক) ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

খ) গরুবিতরণ: ২০২১-২২ অর্থ বছরে মোট ৮০০০টি গরু বিতরনের লক্ষ্যমাত্রা রয়েছে।

গ) সুফলভোগীদের গরুর খাদ্য ও ঔষধ সহায়তা : ২০২১-২২ অর্থ বছরে ৪৩৮০ জন সুফলভোগীদের মধ্যে গরুর খাদ্য ও ঔষধ সহায়তা প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে।

ঘ) সুফলভোগী নির্বাচন: ২০২১-২২ অর্থ বছরে মোট ১০টি ইউনিয়ন নির্বাচনের লক্ষ্যমাত্রা রয়েছে।

ঙ) ভূমি অধিগ্রহণ: ৮টির মধ্যে ৬টি সম্পন্ন হয়েছে।

চ) ভূমি উন্নয়ন: NOA দেয়া হয়েছে।

ছ) এপিএম ইউনি টনির্মাণ: টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে

জ) প্রশিক্ষণ কার্যক্রম: বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম শুরু করা হবে।

সচিব মহোদয় প্রকল্পের আওতায় মেলান্দহের টেন্ডার-এর বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি: তারিখ টেন্ডার আহ্বানের বিষয়ে সভাকে অবহিত করেন। এছাড়া তিনি আরও জানান যে, দেওয়ানগঞ্জে ভূমি অধিগ্রহনের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: ১) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২) ভূমি অধিগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সমবায় অধিদপ্তর:

১৭. উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

প্রকল্পটি মোট ১৫১৫৭.০৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।

১৮. কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গঙ্গাচড়া উপজেলায় ডেইরী সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ২৩৮৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ খ্রি. হতে জুন, ২০২১ খ্রি. মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ):

১৯. হাজামজা/পতিত পুকুর পুনঃখননের মাধ্যমে সংগঠিত জনগোষ্ঠির পাট পঁচানো পরবর্তী মাছ চাষের মাধ্যমে দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ জানান যে, প্রকল্পটি মোট ৩৯৬৭.৪৬ লক্ষ (জিওবি: ৩৪০৭.৪৬; পিডিবিএফ নিজস্ব: ৫৬০.০০) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ।

২০. প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকদের শস্য সংগ্রহ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):

ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ জানান যে, প্রকল্পটি মোট ৭০০৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ।

২১. বাংলাদেশের প্রত্যন্ত ও চর এলাকায় সৌরশক্তি উন্নয়ন প্রকল্প (জুন, ২০২১ এ সমাপ্ত):
ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ জানান যে, প্রকল্পটি ৩৩০৮.৪২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০১৮ থেকে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত: সমাপ্ত প্রকল্পের পিসিআর সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ।

২২. আলোকিত পল্লী সড়কবাতি প্রকল্প: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ জানান যে, প্রকল্পটি ৪৮৪৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৯ থেকে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ২৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা। ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা। যা বরাদ্দের: ০%।বাস্তব অগ্রগতি ০%।

সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
১. ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।
২. সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের দরপত্র মূল্যায়ন কাজ সমাপ্তের দিকে। আশা করা যাচ্ছে চলতি সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ শুরু করা সম্ভব হবে।
৩. বর্ণিত প্রকল্পের ডিপিপি সংশোধনের জন্য ইতোমধ্যে পিইসি সভা অনুষ্ঠিতসহ কার্যবিবরণী জারী করা হয়েছে। সভার কার্যবিবরণীর সুপারিশ/সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে, যা দ্রুত সম্পন্ন করে অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
প্রকল্প পরিচালক বলেন যে, ৩,০০০ টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের জন্য ইতোমধ্যে ই-জিপি টেন্ডার সম্পন্নপূর্বক NoA প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় অবশিষ্ট ৩১৫০টি সড়কবাতি স্থাপনের টেন্ডার আহ্বানের বিষয়ে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভায় আরও জানানো হয় যে, সড়কবাতি স্থাপনে সোলার বাতি পণ্য হিসেবে ডিপিপিতে উল্লেখ থাকায় সোলার বাতি স্থাপনে কোন অগ্রীম দেওয়ার সুযোগ নেই। ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত:
১) ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২) প্রকল্পের আওতায় অবশিষ্ট ৩১৫০টি সড়কবাতি স্থাপনের টেন্ডার আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ ও প্রকল্প পরিচালক।

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ভিটা):
২৩. সিরাজগঞ্জের বাঘাবাড়ি ঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প:
ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ১০৫৯৩.২৩ (জিওবি ইক্যুইটি: ৭৯৪৪.৭৭, নিজস্ব তহবিল : ২৬৪৮.৪৬) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৫ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে জিওবি খাতে কোন বরাদ্দ রাখা হয়নি।
সভায় নিম্নরূপভাবে আগস্ট, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব লক্ষ্যমাত্রা ও অগ্রগতি অবহিত করা হয়:
ক) প্রকল্পের আওতায় আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ক্রয়কৃত মেশিনারীজের ইন্সটলেশন, কমিশনিং এবং পরীক্ষামূলক উৎপাদনের জন্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাপ্ত হবার কথা ছিল; কিন্তু মার্চ, ২০২০ এর দ্বিতীয় সপ্তাহে দেশব্যাপী লকডাউন ঘোষণা হবার কারণে প্রকল্পের কার্যক্রম বন্ধ হয়ে যায় এবং ভারতীয় প্রকৌশলী ও টেকনিশিয়ানবৃন্দ তাদের দেশে ফিরে যায়। ফলে মার্চ, ২০২০ হতে অদ্যবধি প্রকল্পের ইন্সটলেশন এবং কমিশনিং এর কাজ বন্ধ রয়েছে। তবে সিভিল কাজ চলমান রয়েছে। বিশ্বব্যাপী মহামারী কোভিড-১৯ এর কারণে জার্মানী, ইতালী, লিথুনিয়া ও ভারত হতে কোন প্রকৌশলী/টেকনিশিয়ান আসতে পারছে না। তদুপরি নিকটতম প্রতিবেশী দেশ ভারতের সাথে বাংলাদেশের ট্রাভেল পারমিশন না থাকায় SSP PVT LIMITED এর

প্রকৌশলী/তত্ত্বাবধায়ক ইরেকশন টীম বাংলাদেশে এসে আমদানীকৃত মেশিনারীজের ইন্সটলেশন, কমিশনিং এবং পরীক্ষামূলক উৎপাদনের কার্য সম্পন্ন করতে পারছেন না। ফলে SSP PVT LIMITED কর্তৃক (এক) বছর সময় বৃদ্ধি এবং স্পেশাল ভিসা প্রদানের ব্যবস্থাকরণের জন্য আবেদন করেছেন।

সে আলোকে মেশিনারীজ ইরেকশন টীমের প্রকৌশলী ও টেকনিশিয়ানবৃন্দদের Multiple Visa এক বছরের জন্য প্রদানের নিমিত্ত ইতোমধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে চিঠি প্রেরণ করা হয়েছে। করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় অদ্যবধি সরকারের লকডাউন অব্যাহত থাকায় এবং ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত বন্ধ এবং ট্রাভেল পারমিশন না থাকায় জার্মানী, ইতালী, লিথুনিয়া ও ভারত হতে কোন প্রকৌশলী/টেকনিশিয়ান আসতে পারছে না। ফলে প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হবে না বলে প্রতিয়মান হচ্ছে। ভারতীয় প্রকৌশলী ও টেকনিশিয়ানবৃন্দের বাংলাদেশে আসার জন্য ভিসা প্রাপ্তির লক্ষ্যে এ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে যোগাযোগ করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে মিল্ক ভিটা হতে প্রস্তাব প্রেরণ করতে হবে। এছাড়া প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা আয়োজনের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত:

প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা আহ্বান করতে হবে।

বাস্তবায়নে: ১) ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা ও প্রকল্প পরিচালক এবং

২) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২৪. দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রামের পটিয়ায় দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ৪৭৯৪.২২ (জিওবি ইক্যুইটি : ৩৩০৬.৫৫, নিজস্ব তহবিল : ১৪৮৭.৬৭) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১৭ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে জিওবি খাতে কোন খাতে বরাদ্দ রাখা হয়নি। বাস্তব অগ্রগতি ৬০%।

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের আগস্ট, ২০২১ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

১. ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

২. ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির নিমিত্ত পরিকল্পনা কমিশন হতে গত ০৯ আগস্ট, ২০২১ স্মারক নং-২০.০৪.০০০০.৩৪২.১৪.০৫৩.১২(অংশ-২)-৫৩ মোতাবেক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৮.০১৪.০৬২.২০১৩(অংশ-১)-৫৭ তারিখ : ০১/০৯/২০২১ খ্রি: মোতাবেক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির আদেশ জারী করা হয়েছে। ৩. আমদানীতব্য মেশিনারীজের প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

৪. প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ৪৮ শতক জমি অধিগ্রহণ বাকী রয়েছে। ১৩.৫০ শতক জমি অধিগ্রহণের কাগজপত্র যাচাই প্রক্রিয়াধীন রয়েছে। এর মধ্যে ১০.৫০ শতক জমি সঠিক পাওয়া গেছে, যা রেজিষ্ট্রেশন প্রক্রিয়াধীন রয়েছে। রেজিষ্ট্রেশনের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির আদেশ জারির লক্ষ্যে ডিপিপি সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত:

১) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির আদেশ জারির লক্ষ্যে ডিপিপি সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২) প্রকল্পের আওতায় অবশিষ্ট ৪৮ শতক জমির দলিল রেজিষ্ট্রেশনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নেঃ ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২৫. বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্প:

ব্যবস্থাপনা পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ৩৫৪৪৯.৬৮ (জিওবি অনুদান : ৩২৯৭৬.১৮, নিজস্ব তহবিল: ২৪৭৩.৫০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে মোট ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। আগস্ট, ২০২১ পর্যন্ত সময়ে অর্থ অবমুক্ত হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে মোট ০.০০ লক্ষ টাকা, যা বরাদ্দের: ০%। বাস্তব অগ্রগতি ০%।

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের আগস্ট, ২০২১ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

১) ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে;

২) বিশেষায়িত গাড়ি ক্রয়ের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটির সভা ০৫/০৮/২০২১ খ্রি: অনুষ্ঠিত হয়। সভায় দরপত্র দলিলে দাখিলকৃত Technical Specification এর সঠিকতা যাচাইয়ের জন্য PPR-২০০৮ অনুযায়ী তফসিল-২ এর ৮(১৪) বিধি মোতাবেক ০৩ (তিন) সদস্যদের সমন্বয়ে গঠিত কারিগরী সাব-কমিটি গঠন করা হয়। কারিগরী সাব-কমিটির প্রতিবেদন মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। ৪) উচ্চ ফলনশীল জাতের অস্ট্রেলিয়ান জাম্বু ঘাসের বীজ সংশ্লিষ্ট সমবায়ীদের মাঝে বিতরন করা হয়েছে। ফলে সমবায়ীদের ঘাস চাষে উদ্বুদ্ধকরণ এবং এলাকায় ঘাস চাষের জমির পরিমান বৃদ্ধি পেয়েছে; ৫) প্রাণি টিকা ও ঔষধ এবং বীজ (হিমায়িত সিমেন) সংশ্লিষ্ট সমবায়ীদের মাঝে বিতরণ করা হয়েছে। বিনামূল্যে প্রাণিটিকা ও হিমায়িত বীজ প্রদানের ফলে গর্ভ ধারণের জন্য ৫৯০টি গাভীকে সময় মতো কৃত্রিম প্রজনন করানো সম্পন্ন হয়েছে।৬) ঋণ আদায় : ৮৫০.৮২ লক্ষ টাকা (০১/০৭/২০১৯/ থেকে ৩১/০৮/২০২১ খ্রি: পর্যন্ত)।

সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পের মূল ডিপিপিতে মিল্ক ভিটা কর্তৃক নিজস্ব অর্থায়নের সংস্থান ছিল। বর্তমানে মিল্ক ভিটা এর নিজস্ব অর্থায়ন সম্পূর্ণ বাদ দিয়ে জিওবি অর্থ বৃদ্ধি করে ডিপিপি সংশোধন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। মিল্ক ভিটা একটি লাভজনক সংস্থা হওয়ায় পরিকল্পনা বিভাগের একনেক উইং এর পরিপত্র ও অর্থ বিভাগের পরিপত্র মোতাবেক এ প্রকল্পের অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া প্রকল্পের Milk Processing Plant এর সাইট সংশোধিত ডিপিপিতে পরিবর্তন হওয়ায় প্রস্তাবিত নতুন স্থানে কারখানা স্থাপনে Feasible হবে কিনা তা স্ট্যাডি করা প্রয়োজন। পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় হ্রাসের লক্ষ্যে প্রকল্পে এলাকা কমানোসহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম কমিয়ে আনার জন্য প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সংস্থা ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত: ১) পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় হ্রাসের লক্ষ্যে প্রকল্পে এলাকা কমানোসহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম কমিয়ে আনার জন্য প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২) প্রকল্পের অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।
৩) পরিকল্পনা কমিশন আলোচ্য সংশোধিত প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার পরামর্শ দিলে সম্ভাব্যতা যাচাই করতে হবে।

<u>২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত অনুমোদিত নতুন প্রকল্পসমূহের তথ্যাদি:</u>

১. দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ (জানুয়ারি, ২০২১ হতে জুন, ২০২৩) (সমবায় অধিদপ্তর):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৮০.০০লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ১১-০৫-২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এ বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়েছে। প্রকল্পের আওতায় সমবায় অধিদপ্তরের যুগ্ম নিবন্ধক, জনাব মোঃ মিজানুর রহমান'কে প্রকল্পের প্রকল্প পরিচালক পদে নিয়োগ প্রদান করা হয়েছে।প্রকল্পের অনুকূলে থোক বরাদ্দের বিষয়ে গত ২৮ আগস্ট, ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত: থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

২. বঙ্গবন্ধু গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প (জুলাই, ২০২০-জুন ২০২২) (সমবায় অধিদপ্তর) :

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪৯৯৩.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৯ আগস্ট, ২০২১ খ্রি: তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন লাভ করে। ১৬ আগস্ট, ২০২১ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদন আদেশ জারি করা হয়। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১৯ আগস্ট, ২০২১ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের আওতায় সমবায় অধিদপ্তরের যুগ্ম নিবন্ধক মোহাম্মদ হেলাল উদ্দিন-কে প্রকল্পের প্রকল্প পরিচালক পদে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় থোক বরাদ্দের প্রস্তাব এ বিভাগে পাওয়া গেছে। থোক বরাদ্দ প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক গ্রাম নির্ধারণ করে প্রকল্পের কার্যক্রম শুরু করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত: ১) প্রকল্পের আওতায় থোক বরাদ্দ প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
২) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক গ্রাম নির্ধারণ করে প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৩. দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) ২য় পর্যায় (জানুয়ারি, ২০২০ হতে জুন, ২০২৫) (বিআরডিবি):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৩৪৬৫৫.০৭ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের নিমিত্ত গত ০৮.০৭.২০২১ তারিখে একনেক শাখা-১ কর্তৃক প্রকল্পের অনুমোদন আদেশ জারি করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে গত ১৫ জুলাই, ২০২১ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। থোক বরাদ্দের প্রস্তাব গত ২৮ আগস্ট, ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৪. পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৫) (বিআরডিবি):

পল্লী জীবিকায়ন প্রকল্পটি মোট ৯২৮৮৮.২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ১০ আগস্ট, ২০২১ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে এবং গত ০৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। বিআরডিবি হতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। প্রকল্প পরিচালক প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।
সিদ্ধান্ত: প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

৫. মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা যমুনা, পদ্মা এবং তিস্তা চরস্ (এরফোরসি) (জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৪) (আরডিএ, বগুড়া):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৫৯৮৬.০০ লক্ষ (জিওবি: ১৪৭৬.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ৪৫১০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ২৫.০৫.২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। গত ০২ জুন, ২০২১ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। আরডিএ, বগুড়ার যুগ্মপরিচালক জনাব মো: আব্দুল মজিদ প্রামাণিককে প্রকল্পের প্রকল্প পরিচালক পদে নিয়োগ প্রদান করা হয়েছে। গত ২৮ আগস্ট, ২০২১ তারিখে থোক বরাদ্দের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: থোক বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

<u>২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহের তথ্যাদি:</u>

১. দুগ্ধ ঘাটতি উপজেলায় সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৪) (সমবায় অধিদপ্তর):

সভায় জানানো হয় যে, গত ১১.০২.২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ০৬.০৬.২০২১ তারিখে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। একনেক-এ দেয়ার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/উইং এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: একনেক-এ দেয়ার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/উইং এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।

২. মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, টাঙ্গাইল এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন প্রকল্প (জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩) (বিআরডিবি):

কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত: কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি।

৩. পার্বত্য চট্টগ্রাম সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প (জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬) (বিআরডিবি):
সভায় জানানো হয় যে, বিআরডিবি হতে প্রকল্পের ডিপিপি পাওয়া যায়নি।
সিদ্ধান্ত: ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি।

৪. বঙ্গবন্ধু আত্মনির্ভরশীল ইনস্টিটিউট, টাঙ্গাইল এর সম্প্রসারণ, সংস্কার ও আধুনিকায়ন প্রকল্প (জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫) (বিআরডিবি):
সভায় জানানো হয় যে, বিআরডিবি হতে ডিপিপি পাওয়া যায়নি।
সিদ্ধান্ত: ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি।

৫. লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড় ও কুড়িগ্রাম জেলার দরিদ্রদের জীবনমান উন্নয়ন প্রকল্প (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৪) (বিআরডিবি):
সভায় জানানো হয় যে, বিআরডিবি হতে প্রকল্পের ডিপিপি পাওয়া যায়নি।
সিদ্ধান্ত: ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: মহাপরিচালক, বিআরডিবি।

৬. বৃহত্তর দিনাজপুর- রংপুর জেলায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দুধালো গাভীর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণে কারখানা স্থাপন প্রকল্প (জানুয়ারি, ২০১৯-জুন, ২০২৪) (মিল্ক ভিটা):
পুনর্গঠিত ডিপিপি গত ১৭ জুন, ২০২১ খ্রি: তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ১১-০৮-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রকল্পটি ইক্যুইটি না অনুদান এ বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।
সিদ্ধান্ত: ১) পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২) প্রকল্পটি ইক্যুইটি না অনুদান এ বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

৭. রূপকল্প: ২০২১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন (ডিসেম্বর,, ২০১৮ হতে জুন,২০২২) (এসএফডিএফ):

সভায় জানানো হয় যে, পুনর্গঠিত ডিপিপি গত ০৫.০৮.২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ।

৮. করোনা ভাইরাসের নেতিবাচক প্রভাব মোকাবিলায় সদস্য পরিবারের আয় ও উৎপাদন বৃদ্ধিতে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ সহায়তা (নভেম্বর, ২০২০-জুন, ২০২৩) (এসএফডিএফ):
সভায় জানানো হয় যে, প্রকল্পের ডিপিপি গত ০৫.০৮.২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পিইসি সভা আয়োজনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত: পিইসি সভা আয়োজনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ।

৯. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণ কমপ্লেক্স কাম অফিস, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) কে শক্তিশালীকরণ (জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১) (এসএফডিএফ):

সভায় জানানো হয় যে, এসএফডিএফ হতে ডিপিপি পাওয়া যায়নি। ডিপিপি এ বিভাগে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: ডিপিপি এ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ।

১০. টেকসই কৃষির জন্য প্রতিবেশ উপযোগী খামারকরণ (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩) (বার্ড, কুমিল্লা):

সভায় জানানো হয় যে, জনবলের প্রস্তাব গত ১০.০১.২০২১ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ১৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ডিপিপি পুর্নগঠনের জন্য সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বার্ড, কুমিল্লা।

১১. গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ উন্নয়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩) (বার্ড, কুমিল্লা):

সভায় জানানো হয় যে, গত ১৮.০২.২০২১ তারিখে ডিপিপি পুনর্গঠনের জন্য বার্ড, কুমিল্লায় পত্র প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ের দাখিলের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, বার্ড, কুমিল্লা।

১২. দারিদ্র্য দূরীকরণ ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ-২য় পর্যায় (জুলাই, ২০১৯ হতে জুন, ২০২২) (পিডিবিএফ):

গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। গত ১১.০৮.২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। থার্ড পার্টি ফার্ম এর মাধ্যমে Feasibility Study করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া প্রকল্পটির অর্থায়ন ইক্যুইটি না অনুদান হবে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: ১) পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২) নিরপেক্ষ প্রতিষ্ঠান এর মাধ্যমে Feasibility Study করতে হবে।

৩) প্রকল্পটির অর্থায়ন ইক্যুইটি না অনুদান হবে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৩. শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠাকরণ' শীর্ষক প্রকল্প (জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩) (আরডিএ, বগুড়া):

সভায় জানানো হয় যে, গত ২৬.০৮.২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। পিইসি সভার কার্যবিবরণী'র আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: পিইসি সভার কার্যবিবরণীর আলোকে পুর্নগঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: মহাপরিচালক, আরডিএ, বগুড়া।

১৪. বাপার্ড এর সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (জুলাই, ২০২১-জুন, ২০২৬) (বাপার্ড):

সভায় জানানো হয় যে, ইতোপূর্বে মন্ত্রণালয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্প যাচাই কমিটির সভা আয়োজনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: প্রকল্প যাচাই কমিটির সভা আহ্বান করতে হবে।
বাস্তবায়নে: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

<u>জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট প্রকল্প</u> :

১. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য চিরিরবন্দর ও খানসামা উপজেলা এলাকার গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্প (পিডিবিএফ):

সভায় জানানো হয় যে, প্রকল্পটি মোট ৪০০.০০লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০১৮ হতে ডিসেম্বর/২০২১ দিনাজপুর জেলার চিরিরবন্দর ও খানসামা উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শতভাগ সম্পন্ন করা হয়েছে। বিসিসিটির শর্ত অনুযায়ী পিআইসি সভার সুপারিশসহ প্রকল্পের ৪র্থ কিস্তি অর্থ ছাড়ের প্রস্তাব ইতোমধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্টে প্রেরণ করা হয়েছে। অর্থ ছাড়ের বিষয়ে জলবায়ু পরিবর্তন ট্রাষ্টের সাথে যোগাযোগ রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। মেইনটেন্যান্স এর জন্য উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে এমওইউ করার বিষয়ে সচিব মহোদয় গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত: ১) অর্থ ছাড়ের বিষয়ে জলবায়ু পরিবর্তন ট্রাষ্টের সাথে যোগাযোগ রাখতে হবে।
২) মেইনটেন্যান্স এর জন্য উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে এমওইউ করতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

২. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য কুমারখালী ও খোকসা উপজেলা সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্পটি মোট ৯৯.৮৭১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৮ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় মোট ১২৯ টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের বিপরীতে ইতোমধ্যে ৭৬টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন কাজ সম্পন্ন হয়েছে যা মোট লক্ষ্যমাত্রার ৫৮.৯১%। কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। মেইনটেন্যান্স এর জন্য উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে এমওইউ করার বিষয়ে সচিব মহোদয় গুরুত্বারোপ করেন।

সিদ্ধান্ত: ১) কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২) মেইনটেন্যান্স এর জন্য উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে এমওইউ করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৩. গ্রীন হাউজ গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মৌলভীবাজার জেলার অন্তর্গত জুড়ী ও বড়লেখা উপজেলায় কার্বন নির্গমন হ্রাস ও পরিবেশ উন্নয়ন প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্পটি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্থায়নে মোট ৫০০.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর/২০২০ হতে জুন/২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো প্রকল্প এলাকায় মোট ৩৭৩টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন করা। প্রকল্পের সৌর বিদ্যুতয়িত সড়কবাতি স্থাপন কাজ শুরু করা হয়েছে। প্রকল্পের আওতায় এ পর্যন্ত ১০০ টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি সরবরাহ ও স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে যার বাস্তব অগ্রগতি ২৬.৮০%। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট নীতিমালার চেক লিষ্ট অনুযায়ী প্রকল্পের ১ম কিস্তি বাবদ ১২৫.০০ লক্ষ টাকা ছাড়ের প্রস্তাব বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্টে প্রেরণ করা হয়েছে। অর্থ অবমুক্তির বিষয়ে জলবায়ু পরিবর্তন ট্রাষ্টের সাথে যোগাযোগ রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত: অর্থ ছাড়ের বিষয়ে জলবায়ু পরিবর্তন ট্রাষ্টের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প (পিডিবিএফ):

প্রকল্পটি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে মোট ২৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো প্রকল্প এলাকায় মোট ২০০টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন করা। প্রকল্পটি জুলাই ২০১৯ হতে শুরু হওয়ার কথা থাকলেও প্রায় ১ বছর ২ মাস পর প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারী হয় এবং তারও ১ মাস পর প্রকল্প পরিচালক নিয়োগ সম্পন্ন হয়। অর্থাৎ প্রকল্প নির্ধারিত সময়ের প্রায় ১৬ (ষোল) মাস পরে প্রকল্পের মূল কার্যক্রম শুরু হয়। প্রকল্প কার্যক্রম শুরু হওয়ার পর ইতোমধ্যে প্রকল্পের নামে ব্যাংক হিসাব খোলা, পিআইসি কমিটি গঠন ও ১টি পিআইসি সভা আহবান এবং স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রকল্প এলাকার নির্বাচিত স্থানের তালিকা সংগ্রহ করার জন্য পত্র প্রেরণ করা হয়। প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ায় কারণে প্রকল্পের ক্রয় প্রক্রিয়া শুরুসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কাজ শুরু করা সম্ভব হয়নি। তবে ইতোমধ্যে প্রকল্প মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের মূল কাজ হিসেবে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি ক্রয় প্রক্রিয়া দ্রুত শুরু করা হবে। বার্ষিক কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া মেইনটেন্যান্স এর জন্য উপজেলা নির্বাহী অফিসার এর সাথে যোগাযোগ করে এমওইউ করার বিষয়ে সচিব মহোদয় গুরুত্বারোপ করেন। সভাপতি বলেন, যেহেতু পিডিবিএফ এর অন্যান্য প্রকল্পে ডিপিএম এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে সেহেতু এই প্রকল্পেও ওটিএম এর পরিবর্তে ডিপিএম পদ্ধতি অনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য এবং সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে প্রকল্পের টেন্ডার আহ্বান করার জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত: সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে প্রকল্পের টেন্ডার আহ্বান করতে হবে এবং ক্রয় প্রক্রিয়া ডিপিএম পদ্ধতিতে সম্পাদন করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক।

৫. গ্রীণ হাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মিঠাপুকুর উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন শীর্ষক প্রকল্প (পিডিবিএফ):

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের অর্থায়নে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে মিঠাপুকুর উপজেলায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় ৩০ ওয়াট ক্ষমতা সম্পন্ন মোট ৭৫টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত সৌর বিদ্যুতায়িত সড়কবাতি ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং প্রকল্প এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়াও বর্ণিত প্রকল্পের প্রকল্প এলাকা/স্থান চূড়ান্ত করণসহ প্রকল্প বাস্তবায়ন কমিটির সুপারিশ এবং প্রণয়নকৃত তালিকা অনুযায়ী প্রকল্প প্রস্তাব সংশোধন করা হয়েছে। উক্ত সংশোধিত প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্টে প্রেরণ করা হয়েছে। প্রকল্প সংশোধনের বিষয়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকল্পের অর্থ ছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত: ১) প্রকল্প সংশোধনের বিষয়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

২) প্রকল্পের অর্থ ছাড়ের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফও প্রকল্প পরিচালক।

৬. গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া এবং কোটালীপাড়া এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন প্রকল্প (পিডিবিএফ):

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের অর্থায়নে "গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া এবং কোটালীপাড়া এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে মোট ২০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন রয়েছে। বর্ণিত প্রকল্পের আওতায় ৩০ ওয়াট ক্ষমতা সম্পন্ন মোট ১৫০টি সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন করতে হবে। প্রকল্পের আওতায় ইতোমধ্যে পিআইসি কমিটি গঠন, ব্যাংক হিসাব খোলা এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠন সম্পন্ন হয়েছে। জুন, ২০২১ মাসে প্রকল্পের আওতায় ১টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিআইসি সভার সুপারিশ/সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প কার্যক্রম পরিচালনাসহ প্রকল্পের সৌর বিদ্যুতায়িত সড়কবাতি ক্রয় প্রক্রিয়া দ্রুত শুরু করা হবে। প্রকল্পের দরপত্র আহ্বান পদ্ধতি কি হবে সে বিষয়ে সভাপতি জানতে চাইলে সভায় প্রকল্প পরিচালক জানান যে,

অনুমোদিত প্রকল্প দলিলে ক্রয়ের ধরণের বিষয়ে ওটিএম/ডিপিএম ক্রয়ের বিধান রাখা হয়েছে। পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জানান, মন্ত্রণালয়ের প্রতিনিধির সুপারিশক্রমে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় এ প্রকল্পে ওটিএম পদ্ধতিতে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি জানান যে, জলবায়ু পরিবর্তন ট্রাষ্টের অর্থায়নে বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্প ডিপিএম পদ্ধতিতে ক্রয় করা হচ্ছে। অন্যান্য প্রকল্পের মত এ প্রকল্পে উন্মুক্ত ক্রয় পদ্ধতি (ওটিএম) এর পরিবর্তে সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) ক্রয়ের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত: "গ্রীনহাউস গ্যাস নি:সরণ কমানোর লক্ষ্যে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া এবং কোটালীপাড়া এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" প্রকল্পের ক্রয় প্রক্রিয়া সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) সম্পাদন করতে হবে।
বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ ও প্রকল্প পরিচালক।

বিবিধ সিদ্ধান্ত:

১) মাসের ২য় সপ্তাহের বুধবার এডিপি সভা আহ্বান করতে হবে।

বাস্তবায়নে: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২) আইএমইডি ০৫/২০০৩ (সংশোধিত) প্রতিবেদনের ০২ (দুই) প্রস্থ (হার্ড কপি) প্রতিমাসের ০১ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সকল সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৪) সকল নতুন প্রকল্পের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে ব্যয়ের প্রকল্পের জন্য আবশ্যিকভাবে নিরপেক্ষ প্রতিষ্ঠান দ্বারা সম্ভাব্যতা যাচাই করে প্রকল্প প্রণয়ন করতে হবে। এছাড়া প্রকল্পের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় ৫০ কোটি টাকা কম ব্যয়ের প্রকল্পের জন্যও ক্ষেত্র বিশেষ সম্ভাব্যতা যাচাই করতে হবে।

বাস্তবায়নে: সকল সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৬.০। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বপন ভট্টাচার্য্য
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৭.০৬.০৬১.২১.৬২

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮
২৯ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
৩) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
৫) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৬) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৭) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
৮) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

১০) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

১১) প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

১২) প্রধান, কার্যক্রম বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

১৩) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৪) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৫) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৬) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৭) উপসচিব, উন্নয়ন শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৬ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৫ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২০) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৩ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২২) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৩) চীফ এ্যাকাউন্স এ্যান্ড ফিন্যান্স অফিসার,, চীফ এ্যাকাউন্স এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুণবাগিচা, ঢাকা।

২৪) প্রকল্প পরিচালক, , সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩), সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

২৫) প্রকল্প পরিচালক, , সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩), সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

২৬) পরিচালক, মূল্যায়ন-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২৭) মূল্যায়ন কর্মকর্তা-১ , মূল্যায়ন-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২৮) প্রকল্প পরিচালক, , (সকল)----------।

মোহাম্মদ আরিফুল হক
উপসচিব